দৈনিক সংবাদ

তারিখ ... ... 1 1 2002
পৃষ্ঠা ২ কলাম ৬

ফলোআপ ❒ ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়

# ছাত্রীরা গতকালও ক্যাম্পাসে ঢুকতে পারেনি

❒ আজ আদালত অবমাননা মামলার শুনানি

❒ স্কুল ও কলেজ ছাত্রীদের অভিভাবকরা মিটিং ডেকেছে

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা রোববারও ঢুকতে পারেননি তাদের ক্যাম্পাসে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারসহ ছাত্রী এবং তাদের অভিভাবকরা ভিকারুননিসা স্কুল ও কলেজের প্রধান গেটে কয়েক ঘণ্টা দাঁড়িয়ে থেকে ফিরে গেছেন। স্কুল ও কলেজের বর্তমান অধ্যক্ষার সঙ্গে দেখা করতে চাইলেও অনুমতি মেলেনি। স্কুল ও কলেজ ছাত্রীদের অভিভাবক প্রতিনিধিরা আজ জটিলতা নিরসনে আলোচনা সভা

ভিকারুননিসা ঃ পৃঃ ২ কঃ ৮

## ভিকারুননিসা ঃ বিশ্ববিদ্যালয়

( ১২-এর পৃষ্ঠার পর )

ডেকেছেন। এদিকে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুস সাত্তার স্কুল ও কলেজের গভর্নিং বডির বিরুদ্ধে রোববার আদালত অবমাননার মামলা করেছেন। আজ মামলার শুনানির তারিখ ধার্য করা হয়েছে।

উল্লেখ্য, ৩রা জুন ছাত্রীদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢুকতে বাধা সৃষ্টি করা হলে ঢাকার যুগ্মজজ প্রথম আদালত স্কুল ও লেজের গভর্নিং বডিকে ৬ই নভেম্বর র্বর্তীকালীন নিষেধাজ্ঞা দেন। দোলতের নিষেধাজ্ঞার পর বিশ্ববিদ্যালয় র্তৃপক্ষ শনিবার বিশ্ববিদ্যালয়ের শাসনিক কার্যক্রম ও রোববার ক্লাস শুরুর াষণা দেন।

শনিবার ছাত্রী, অভিভাবক ও শ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা এবং র্মচারীরা ক্যাম্পাসে প্রবেশ করতে রেননি। তাদের স্কুল ও কলেজের গেট য়ে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে দেয়া নি। রোববার ছাত্রীরাসহ সংশ্লিষ্ট াকজন বিশ্ববিদ্যালয়ে ঢুকতে পারেননি।

গেটের দারোয়ান স্পষ্টভাবে বলেছেন, ম্যাডামের (স্কুল ও কলেজের অধ্যক্ষা) নিষেধ রয়েছে। সাংবাদিক পরিচয় দিলেও ঢুকতে দেয়া হয়নি।

বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর অভিভাবক জানান, সৃষ্ট জটিলতা নিরসনের উদ্দেশে আজ স্কুল ও কলেজ ছাত্রীদের অভিভাবক প্রতিনিধি পরিষদ বিকেল ৩টায় আলোচনা সভার আহ্বান করেছেন। উদ্ভূত জটিল পরিস্থিতি দ্রুত সমাধানের বিষয়ে আলোচনা করা হবে।

এদিকে আজ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দায়ের করা আদালত অবমাননা মামলায় শুনানির দিন ধার্য করা হয়েছে।